

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]  
প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৩-আইন/২০১৮/৭৯৬-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
Soo১	Soo১.২০	রেস্তোরাঁ	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোরাঁ কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা একশত শতাংশ। (খ) সাধারণ রেস্তোরাঁ (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেচল্লিশ দশমিক ছয় সাত শতাংশ।	১৫% ৭%
Soo৩	Soo৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেষাট্টি দশমিক ছয় সাত শতাংশ।	১০%
Soo৩	Soo৩.২০	ডকইয়ার্ড	যে কোন প্রকার যান্ত্রিক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং	১০%

			এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেষট্টি দশমিক ছয় সাত শতাংশ।	
S008	S008.00	নির্মাণ সংস্থা	যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা ছেচল্লিশ দশমিক ছয় সাত শতাংশ।	৭%
S050	S050.50	ভূমি উন্নয়ন সংস্থা	উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা বিশ শতাংশ।	৩%
	S050.20	ভবন নির্মাণ সংস্থা	ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের উপর—	
			ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত শতকরা তের দশমিক তিন চার শতাংশ	২%
			খ) ১৬০১ বর্গফুট হইতে তদুর্ধ্ব শতকরা ত্রিশ শতাংশ	৪.৫%
			গ) পুণঃ রেজিস্ট্রেশনের ক্ষেত্রে শতকরা তের দশমিক তিন চার শতাংশ	২%
S028	S028.00	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) উৎপাদন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা ছেচল্লিশ দশমিক ছয় সাত শতাংশ;	৭%
			(খ) বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ (উৎপাদন পর্যায়ে ৭% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৫%
S026	S026.00	স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী	স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S039	S039.00	যোগানদার (Procurement provider)	সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S08৮	S08৮.00	পরিবহন ঠিকাদার	(ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা	৫%

তেত্রিশ দশমিক তিন চার শতাংশ;

			(খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা ছেষটি দশমিক ছয় সাত শতাংশ।	১০%
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	ব্যবহৃত বিদ্যুতের বিপরীতে প্রাপ্ত মোট বিদ্যুৎ বিলের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S০৬০	S০৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা	নিলামকৃত পণ্যের বিক্রয় মূল্যের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S০৬৯	S০৬৯.০০	ইংলিশ মিডিয়াম স্কুল	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S০৭৮	S০৭৮.০০	তৈরী পোশাক বিপণন	(ক) নিম্ন ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণন: বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ; (খ) নিম্ন ব্রান্ড ব্যতিত তৈরী পোশাক বিপণন: উৎপাদন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S০৭৯	S০৭৯.০০	ভার্চুয়াল বিজনেস	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ (বিক্রিত বা প্রদত্ত বা হস্তান্তরিত পণ্য বা সেবা প্রাথমিক পর্যায়ে কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারীর নিকট হতে প্রযোজ্য হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৫%
S০৯৯	S০৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।”।	৫%

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)  
চেয়ারম্যান